বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh

মুজিব শতবর্ষ MUJIB 100

গভার্নেন্স এডভোকেসি ফোরাম GOVERNANCE ADVOCACY FORUM

The Asia Foundation

Manusher Jonno Foundation

UKaid from the British people

## টেকসই উন্নয়নে স্থানীয় সরকার

# কার্যকর স্থানীয় সরকার জাতীয় কনভেনশন ২০২১

# Effective Local Government National Convention 2021

১৯ ডিসেম্বর ২০২১ | কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ, ঢাকা

উন্নয়নশীল দেশ এবং টেকসই
উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকর
স্থানীয় সরকার চাই

সরকারি সেবার মানোন্নয়নে
স্থানীয় সরকার প্রতিষ্ঠানের
সক্ষমতা বৃদ্ধি করতে হবে

স্থানীয় সরকার প্রতিষ্ঠানে
জনঅংশগ্রহণ এবং স্বচ্ছতা ও
জবাবদিহিতা নিশ্চিত করতে হবে

গণতান্ত্রিক ও প্রতিনিধিত্বশীল
স্থানীয় সরকার প্রতিষ্ঠায় নারী
প্রতিনিধিদের ক্ষমতায়ন চাই

স্থানীয় সম্পদে স্থানীয় সরকারের
এখতিয়ার বাড়াতে হবে

কার্যকর স্থানীয় সরকার
জাতীয় কনভেনশন ২০২১
Effective Local Government
National Convention 2021

# জাতীয় কনভেনশনের উদ্দেশ্য

বিগত কয়েক বছর ধরে বাংলাদেশে 'স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ' এক ক্রান্তিকালের মধ্য দিয়ে অগ্রসর হচ্ছে। কোনো কোনো ক্ষেত্রে আইনের যথাযথ বাস্তবায়ন না হওয়ায় নির্বাচিত জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের মধ্যে বিরোধ: আইন অনুযায়ী নির্বাচিত নারী প্রতিনিধিদের দায়িত্বের ক্ষেত্রে সীমাবদ্ধতা ও যেটুকু কাজের সুযোগ আছে তারও বাস্তবায়ন না হওয়া; স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নিজস্ব সম্পদ আহরণে সীমাবদ্ধতা; স্থানীয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে জনঅংশগ্রহণের সুযোগের অভাব ও ইউনিয়ন পর্যায়ে জনঅংশগ্রহণের সীমিত সুযোগ থাকলেও তার কার্যকারিতা না থাকা; চলমান ইউনিয়ন পরিষদ নির্বাচনে অভিজ্ঞতার নেতিবাচক দিকসমূহ; অনেক ক্ষেত্রে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সাথে সংশ্লিষ্ট নির্বাচিত প্রতিনিধি ও সরকারি কর্মকর্তা-কর্মচারীদের স্বচ্ছতা এবং জবাবদিহিতার ঘাটতির কারণে সরকারের কেন্দ্রীয় পরিকল্পনা অনুযায়ী স্থানীয় উন্নয়নে আশানুরূপ ফলাফল অর্জিত হচ্ছে না। উল্লেখ্য যে, দেশের চলমান উন্নয়ন প্রেক্ষাপটে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন, ২০২৬ সালের মধ্যে উন্নয়নশীল দেশ হিসেবে অগ্রগতি নিশ্চিতকরণ, ২০৩০ এর মধ্যে এসডিজি অর্জনসহ ২০৪১ সালের মধ্যে দেশকে উন্নত দেশে পরিণত করা বর্তমান সরকারের লক্ষ্য। এ লক্ষ্যসমূহ অর্জনে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। পাশাপাশি, কার্যকর স্থানীয় সরকার প্রতিষ্ঠার উদ্দেশ্যে কোনো কোনো ক্ষেত্রে আইনের সংস্কার, আইনানুযায়ী কার্যক্রমসমূহের যথাযথ বাস্তবায়ন এবং সকল ক্ষেত্রে জনঅংশগ্রহণ ও সংশ্লিষ্ট পক্ষসমূহের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা প্রয়োজন।

এ প্রেক্ষিতে গভার্নেন্স এডভোকেসি ফোরাম-এর উদ্যোগে ১৯ ডিসেম্বর ২০২১ কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ, ঢাকায় 'কার্যকর স্থানীয় সরকার জাতীয় কনভেনশন ২০২১' অনুষ্ঠিত হতে যাচ্ছে। কনভেনশনের মূল **'প্লেনারি অধিবেশনে'** প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মো. তাজুল ইসলাম এমপি এবং সভাপতিত্ব করবেন গভার্নেন্স এডভোকেসি ফোরামের চেয়ারপার্সন ও পিকেএসএফ-এর চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। এ কনভেনশনের সুনির্দিষ্ট উদ্দেশ্য হলো:

১. **উন্নয়নশীল দেশ হিসেবে অগ্রগতি এবং এসডিজি বাস্তবায়নে স্থানীয়করণ এবং স্থানীয় প্রতিষ্ঠানসমূহের ভূমিকা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা**

২. **২০০৯ সালে গৃহীত আইনের আলোকে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচিত প্রতিনিধিদের ভূমিকা ও নির্বাচিত নারী প্রতিনিধিদের ক্ষমতায়ন প্রক্রিয়া বিশ্লেষণ এবং নীতির ক্ষেত্রে সুপারিশ তুলে ধরা**

৩. **স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সম্পদ আহরণ, জনঅংশগ্রহণের সুযোগ এবং দায়বদ্ধতা বৃদ্ধিও ক্ষেত্রসমূহ চিহ্নিত করা**

জাতীয় কনভেনশন উপলক্ষে উপরিউক্ত বিষয়সমূহ নিয়ে একটি গবেষণা পরিচালিত হয়েছে। পাশাপাশি কনভেনশনকে কেন্দ্র করে বিভিন্ন ইস্যুতে স্থানীয় সরকার প্রতিষ্ঠান প্লাটফরমসমূহের সাথে মতবিনিময় করা হয়েছে। এছাড়া দেশব্যাপী সংশ্লিষ্ট পক্ষসমূহের মতামত জানতে ৫-১২ ডিসেম্বর ২০২১ 'ইস্যুভিত্তিক অনলাইন আলোচনা সভা' অনুষ্ঠিত হয়েছে। গভার্নেন্স এডভোকেসি ফোরামের ওয়েবসাইট (http://www.gafbd.org) ও ফেসবুক পেইজে (https://www.facebook.com/gafbd/) কনভেনশন সংক্রান্ত সকল তথ্য প্রকাশিত হচ্ছে। ১৯ ডিসেম্বর জাতীয় কনভেনশনে ১. উন্নয়নশীল দেশ হিসেবে অগ্রগতি এবং এসডিজি বাস্তবায়নে কার্যকর স্থানীয় সরকার প্রতিষ্ঠায় নীতি সহায়তা, ২. স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের রাজস্ব আহরণ, ৩. স্থানীয় সরকার প্রতিষ্ঠানে নির্বাচিত নারী প্রতিনিধিদের অবস্থান, ৪. জনঅংশগ্রহণ এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের স্বচ্ছতা ও জবাবদিহিতা শীর্ষক ইস্যুভিত্তিক ৪টি প্যারালাল ডায়ালগ অধিবেশন অনুষ্ঠিত হবে। গবেষণার ফলাফল এবং এ সকল আলোচনা ও ডায়ালগ থেকে প্রাপ্ত মতামত একত্রিত করে 'প্লেনারি অধিবেশনে' মাননীয় প্রধান অতিথির নিকট সুপারিশসমূহ তুলে ধরা হবে।

স্থানীয় সরকার প্রতিষ্ঠান প্লাটফর্মসমূহের নেতৃবৃন্দ ও স্থানীয় সরকার প্রতিনিধি, নাগরিক সমাজ, প্রান্তিক জনগোষ্ঠী, বিশেষজ্ঞ, মিডিয়া কর্মীসহ সংশ্লিষ্ট সকল পক্ষের নারী-পুরুষ-ট্রান্সজেন্ডার-যুব প্রতিনিধিদের অংশগ্রহণ 'কার্যকর স্থানীয় সরকার জাতীয় কনভেনশন ২০২১'কে সাফল্যমণ্ডিত করে তুলবে।

কার্যকর স্থানীয় সরকার
জাতীয় কনভেনশন ২০২১
Effective Local Government
National Convention 2021

# জাতীয় কনভেনশন আয়োজক কমিটি

| ক্রম | পদ | নির্বাহী প্রধান/প্রতিনিধি | পদবী ও সংগঠন |
|---|---|---|---|
| ১. | আহ্বায়ক | **মহসিন আলী** | সমন্বয়কারী, গভার্নেন্স এডভোকেসি ফোরাম ও নির্বাহী পরিচালক, ওয়েভ ফাউন্ডেশন |
| ২. | সদস্য | **সৈয়দ তারিকুল ইসলাম** | নির্বাহী পরিচালক, একলাব |
| ৩. | সদস্য | **ফারহা কবীর** | কান্ট্রি ডিরেক্টর, একশনএইড বাংলাদেশ |
| ৪. | সদস্য | **মুহাম্মদ হিলালউদ্দীন** | প্রধান পরিচালক, অঙ্গীকার সমাজ বিকাশ কেন্দ্র |
| ৫. | সদস্য | **রুহী দাস** | নির্বাহী পরিচালক, বাস্তব |
| ৬. | সদস্য | **মাহবুল হক** | নির্বাহী পরিচালক, বিসিএইচআরডি |
| ৭. | সদস্য | **হারুন-অর-রশীদ হাওলাদার** | প্রেসিডেন্ট, বাংলাদেশ উপজেলা পরিষদ এসোসিয়েশন |
| ৮. | সদস্য | **মো. জাকারিয়া আলম** | প্রেসিডেন্ট, বাংলাদেশ ইউনিয়ন পরিষদ ফোরাম-বিইউপিএফ |
| ৯. | সদস্য | **কে এ এম মোরশেদ** | সিনিয়র ডিরেক্টর, এডভোকেসি ফর সোশ্যাল চেঞ্জ এন্ড আইসিটি, ব্র্যাক |

| ক্রম | পদ | নির্বাহী প্রধান/প্রতিনিধি | পদবী ও সংগঠন |
|---|---|---|---|
| ১০. | সদস্য | ড. নিলুফার বানু | নির্বাহী পরিচালক, বাংলাদেশ উন্নয়ন পরিষদ |
| ১১. | সদস্য | আমানূর রহমান | পরিচালক, কেয়ার বাংলাদেশ |
| ১২. | সদস্য | এম এ সামাদ | নির্বাহী পরিচালক, সিসিডিএ |
| ১৩. | সদস্য | ওয়াজেদ ফিরোজ | নির্বাহী পরিচালক, ডেমক্রেসিওয়াচ |
| ১৪. | সদস্য | ডা. দিবালোক সিংহ | নির্বাহী পরিচালক, দুস্থ স্বাস্থ্য কেন্দ্র |
| ১৫. | সদস্য | এ.কে.এম. মোস্তাক আলী | নির্বাহী পরিচালক, ইনসিডিন বাংলাদেশ |
| ১৬. | সদস্য | নোমান আহমেদ খান | নির্বাহী পরিচালক, আইইডি |
| ১৭. | সদস্য | শাহীন আনাম | নির্বাহী পরিচালক, মানুষের জন্য ফাউন্ডেশন-এমজেএফ |
| ১৮. | সদস্য | কাজী ফয়সাল বিন সেরাজ | কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ, দি এশিয়া ফাউন্ডেশন |
| ১৯. | সদস্য | সমর রায় | ডিরেক্টর, মিডিয়া প্রফেসনালস্ গ্রুপ |
| ২০. | সদস্য | দেওয়ান কামাল আহমেদ | প্রেসিডেন্ট, মিউনিসিপ্যাল এসোসিয়েশন অব বাংলাদেশ- ম্যাব |
| ২১. | সদস্য | জাকির হোসেন | প্রধান নির্বাহী, নাগরিক উদ্যোগ |
| ২২. | সদস্য | শাহীন আক্তার ডলি | নির্বাহী পরিচালক, নারী মৈত্রী |
| ২৩. | সদস্য | নাজমুল আহসান | নির্বাহী পরিচালক, অর্চিতা |
| ২৪. | সদস্য | ড. নুর মোহাম্মদ | নির্বাহী পরিচালক, পিএসটিসি |
| ২৫. | সদস্য | ফারুক চৌধুরী | নির্বাহী পরিচালক, প্রিপ ট্রাস্ট |
| ২৬. | সদস্য | আবুল হাসিব খান | ডিরেক্টর রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার-রিক |
| ২৭. | সদস্য | মো. দেলোয়ার হোসেন | নির্বাহী পরিচালক, স্যাপ বাংলাদেশ |
| ২৮. | সদস্য | মাহবুব আলম ফিরোজ | নির্বাহী পরিচালক, শিল্ড |
| ২৯. | সদস্য | আব্দুল আউয়াল | নির্বাহী পরিচালক, এনআরডিএস |
| ৩০. | সদস্য | জমিলা সুলতানা | নির্বাহী পরিচালক, সহায় |

| ক্রম | পদ | নির্বাহী প্রধান/প্রতিনিধি | পদবী ও সংগঠন |
|---|---|---|---|
| ৩১. | সদস্য | মো. ফজলুর রহমান | নির্বাহী পরিচালক, এসপিইডি |
| ৩২. | সদস্য | আহম্মেদ স্বপন মাহমুদ | নির্বাহী পরিচালক, ভয়েস |
| ৩৩. | সদস্য | আনোয়ার জাহিদ | উপদেষ্টা, আইসিডিএ |
| ৩৪. | সদস্য | ফয়েজুল্লাহ চৌধুরী | নির্বাহী পরিচালক, বরেন্দ্র উন্নয়ন প্রচেষ্টা |
| ৩৫. | সদস্য | বিনয় কৃষ্ণ মল্লিক | নির্বাহী পরিচালক, রাইটস যশোর |
| ৩৬. | সদস্য | খন্দকার ফারুক আহমেদ | নির্বাহী পরিচালক, তৃণমূল উন্নয়ন সংস্থা |
| ৩৭. | সদস্য | নুরুল ইসলাম দুলু | নির্বাহী পরিচালক, দেবী চৌধুরানী পল্লী উন্নয়ন কেন্দ্র |
| ৩৮. | সদস্য | এস এম নাজের হোসেন | নির্বাহী পরিচালক, আইএসডিএ |
| ৩৯. | সদস্য | নাজমুল হক | নির্বাহী পরিচালক, আইডিয়া |
| ৪০. | সদস্য | এম আবদুস সালাম | নির্বাহী পরিচালক, গণ উন্নয়ন কেন্দ্র |
| ৪১. | সদস্য | শাহাদাৎ হোসেন মন্ডল | নির্বাহী পরিচালক, উদয়ন স্বাবলম্বী সংস্থা |
| ৪২. | সদস্য | আসাদুজ্জামান সেলিম | নির্বাহী পরিচালক, মানব উন্নয়ন কেন্দ্র |
| ৪৩. | সদস্য | মোসাম্মৎ সুলতানা রাজিয়া খাতুন | নির্বাহী পরিচালক, এমবিএসকে |
| ৪৪. | সদস্য | আনোয়ার হোসেন | নির্বাহী পরিচালক, সুক |
| ৪৫. | সদস্য | এস এম হারুন-অর-রশিদ লাল | নির্বাহী পরিচালক, সলিডারিটি |
| ৪৬. | সদস্য | মমতাজ আরা বেগম | নির্বাহী পরিচালক, মুক্তি নারী ও শিশু উন্নয়ন সংস্থা |
| ৪৭. | সদস্য | আব্দুল হাই | নির্বাহী পরিচালক, এপি ইউ এস |
| ৪৮. | সদস্য | নিলীপ ম্রং | নির্বাহী পরিচালক, এস বি সি |
| ৪৯. | সদস্য | জিয়াউল আহসান | নির্বাহী পরিচালক, পি জি ইউ এস |
| ৫০. | সদস্য | শিবলী সাদিক | নির্বাহী পরিচালক, সাথী |
| ৫১. | সদস্য | ইশরাত জাহান | পরিচালক, উদয়ন বাংলাদেশ |

কার্যকর স্থানীয় সরকার
জাতীয় কনভেনশন ২০২১
Effective Local Government
National Convention 2021

# কনভেনশন প্রস্তুতি কমিটি

| ক্রম | কমিটি | যুগ্ম আহ্বায়ক | সদস্য |
|---|---|---|---|
| ১. | নিবন্ধন ও লজিস্টিকস ব্যবস্থাপনা | **এম ডি শাহীন ইসলাম**, বিসিএইচআরডি<br>**সুলতানা রাজিয়া**, ওয়েভ ফাউন্ডেশন | নুসরাত জাহান টুম্পা, ইফাত পারভীন দীপা, খালেদা আক্তার শারমিন, মো. মঈনুল ইসলাম, মো. মহিদুল ইসলাম, লায়লা আহমেদ, ইয়াসমিন খাতুন, ফারজানা আঞ্জুম, হাসান আলী, রাজু আহমেদ, তুলিকা সরকার, মাহমুদা নাসরীন, নাজমুল হোসেন |
| ২. | অভ্যর্থনা | **মান্নান মজুমদার**, কেয়ার বাংলাদেশ<br>**ইফতেখার হোসেন**, ওয়েভ ফাউন্ডেশন | আনোয়ার হোসেন, জিয়াউল করিম, নজরুল ইসলাম, ইকবাল মাহমুদ, আমিরুল ইসলাম, আব্দুস সবুর, কফিল আহমেদ, তারিক হোসেন |
| ৩. | প্রচার ও প্রকাশনা | **নুরউন-নবী যুগল**, ডেমক্রেসিওয়াচ<br>**দিথী সাহা**, ওয়েভ ফাউন্ডেশন | মরিয়ম উল মোতাহারা, নাজমা সুলতানা লিলি, অনিরুদ্ধ রায়, আলাউদ্দীন শাওন, মেহেদী হাসান বাপ্পী, পাপেল সাহা, সালাহউদ্দিন রানা, নাছরিন ইসমাঈল, মোহাম্মাদ হোসেন, মো. ইউসুফ-উর রহমান |

| ক্রম | কমিটি | যুগ্ম আহ্বায়ক | সদস্য |
|---|---|---|---|
| ৪. | মিডিয়া | **অমিত রঞ্জন দে**, একশনএইড বাংলাদেশ<br>**কানিজ ফাতেমা**, ওয়েভ ফাউন্ডেশন | রাফায়েত আরা, দিথী সাহা, নাজমুল হোসেন, পাপেল সাহা, তুলিকা সরকার, রাজু আহমেদ, আতিক ইসলাম |
| ৫. | ভেন্যু ও অধিবেশন ব্যবস্থাপনা | **মহসিন কবীর**, মানুষের জন্য ফাউন্ডেশন<br>**নির্মল দাস**, ওয়েভ ফাউন্ডেশন | নজরুল ইসলাম, হোসেইন ইসলাম রিপন, মহসিনা আখতার, সামছুর রহমান, মুস্তাফিজুর রহমান, আব্দুল হালিম, শামীম রেজা, মিজানুর রহমান, হরি নারায়ণ দাস, নাজমুল হোসেন, মো. আসাদুজ্জামান |
| ৬. | স্বেচ্ছাসেবক | **হোসেইন ইসলাম রিপন**, ওয়েভ ফাউন্ডেশন<br>**এডভোকেট আলেয়া লাকী**, নাগরিক উদ্যোগ | আলমগীর কবীর, মোঃ হাসান আলী, জাহিদুল আলম, নাছরিন ইসমাঈল, রাজু আহমেদ |
| ৭. | খাদ্য ব্যবস্থাপনা | **মঞ্জুরুল হাসান**, ওয়েভ ফাউন্ডেশন<br>**সাব্বির এহসান**, সিসিডিএ | নূরে আলম মো. সাজ্জাদুল ইসলাম, বায়েজীদ হোসেন, প্রদীপ্ত মিত্র, আব্দুল আলীম, মো. আসাদুজ্জামান, শামীম রেজা, মুশফিকুর রহমান সাব্বির |
| ৮. | রিপোর্টিং ও ডকুমেন্টেশন | **অনিরুদ্ধ রায়**<br>গভার্নেন্স এডভোকেসি ফোরাম<br>**মেহেদী হাসান বাপ্পী**, ওয়েভ ফাউন্ডেশন | তৌফিক হাসান, আলাউদ্দীন শাওন, সায়েমা ইসলাম, পাপেল সাহা, সালাহউদ্দিন রানা, নাছরিন ইসমাঈল, মাসুদ পারভেজ |

কার্যকর স্থানীয় সরকার জাতীয় কনভেনশন ২০২১
Effective Local Government
National Convention 2021

# অনুষ্ঠানসূচি

| | |
|---|---|
| সকাল ৯.৩০-১০.০০মি. | নিবন্ধন |
| ১০.০০-১১.০০ | সমান্তরাল ডায়ালগ অধিবেশন |
| ডায়ালগ অধিবেশন-১<br>অডিটরিয়াম, লেভেল: ১ | উন্নয়নশীল দেশ হিসেবে অগ্রগতি এবং এসডিজি বাস্তবায়নে কার্যকর স্থানীয় সরকার প্রতিষ্ঠায় নীতি সহায়তা<br>মূল আলোচনা উপস্থাপন: জনাব **মো. মোজাম্মেল হক**, প্রোগ্রাম এনালিস্ট<br>ডেমক্রেটিক গভার্নেন্স পোর্টফোলিও, ইউএনডিপি<br>সম্মানীয় আলোচক: জনাব **মোহাম্মদ আসাদুজ্জামান সরকার** (উপ-প্রধান)<br>রাজস্ব ও মুদ্রানীতি অনুবিভাগ, পরিকল্পনা কমিশন<br>সঞ্চালনা: **জনাব আব্দুল আউয়াল**, নির্বাহী পরিচালক, এনআরডিএস |
| ডায়ালগ অধিবেশন-২<br>কনভেনশন হল-১<br>গ্রাউন্ড লেভেল | স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের রাজস্ব আহরণ<br>মূল আলোচনা উপস্থাপন: **ড. মাহফুজ কবীর**, রিসার্চ ডিরেক্টর, বিআইআইএসএস<br>সম্মানীয় আলোচক: জনাব **শায়লা ফারজানা**, যুগ্ম সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়<br>সঞ্চালনা: জনাব **আমানুর রহমান**, পরিচালক, কেয়ার বাংলাদেশ |

| | |
|---|---|
| **ডায়ালগ অধিবেশন-৩**<br>থ্রি-ডি সেমিনার হল<br>লেভেল: ৪ | **স্থানীয় সরকার প্রতিষ্ঠানে নির্বাচিত নারী প্রতিনিধিদের অবস্থান**<br>মূল আলোচনা উপস্থাপন: জনাব ফারহানা আফরোজ, প্রোগ্রাম ম্যানেজার, ক্রিশ্চিয়ান এইড<br>সম্মানীয় আলোচক: ড. ফেরদৌস আরেফিনা ওসমান, অধ্যাপক<br>লোক প্রশাসন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়<br>সঞ্চালনা: জনাব অমিত দে, ডেপুটি ম্যানেজার, একশনএইড বাংলাদেশ |
| **ডায়ালগ অধিবেশন-৪**<br>ট্রেনিং রুম, লেভেল: ৫ | **জনঅংশগ্রহণ এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের স্বচ্ছতা ও জবাবদিহিতা**<br>মূল আলোচনা উপস্থাপন: জনাব **মো. জিয়াউল করিম**, সিনিয়র কোঅর্ডিনেটর<br>মানুষের জন্য ফাউন্ডেশন<br>সম্মানীয় আলোচক: জনাব **মো. জসিম উদ্দিন**, যুগ্ম সচিব, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ<br>সঞ্চালনা: জনাব **আতাউর রহমান মিটন**, কান্ট্রি ডিরেক্টর, হাঙ্গার ফ্রি ওয়ার্ল্ড |
| **১১.০০-১১.৩০** | **স্বাস্থ্য বিরতি** |
| **১১.৩০-দুপুর ২.০০** | **প্লেনারি অধিবেশন** |
| স্বাগত বক্তব্য | জনাব **অনিরুদ্ধ রায়**, ফ্যাসিলিটেটর, গভার্নেন্স এডভোকেসি ফোরাম |
| ডায়ালগ অধিবেশনের সার-সংক্ষেপ উপস্থাপন | জনাব **মো. জিয়াউল করিম**, সিনিয়র কোঅর্ডিনেটর, মানুষের জন্য ফাউন্ডেশন |
| গবেষণা ফলাফল উপস্থাপন | **ড. মোবাশ্বের মোনেম**, অধ্যাপক, লোক প্রশাসন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় |
| জাতীয় কনভেনশন-এর সুপারিশ উপস্থাপন | জনাব **মহসিন আলী**, সমন্বয়কারী, গভার্নেন্স এডভোকেসি ফোরাম ও<br>নির্বাহী পরিচালক, ওয়েভ ফাউন্ডেশন |
| স্থানীয় সরকার প্রতিনিধি এবং অংশগ্রহণকারীদের আলোচনা | **জনাব আখতারউজ্জামান**, জেলা পরিষদ চেয়ারম্যান, গাজীপুর |
| | জনাব **হারুন-অর-রশীদ হাওলাদার**, সভাপতি, বাংলাদেশ উপজেলা পরিষদ এসোসিয়েশন |
| | জনাব **দেওয়ান কামাল আহমেদ**, প্রেসিডেন্ট, মিউনিসিপ্যাল এসোসিয়েশন অব বাংলাদেশ-ম্যাব |
| | জনাব **সাজ্জাদ হোসেন মুকুল**, সিনিয়র সহ-সভাপতি, বাংলাদেশ ইউনিয়ন পরিষদ ফোরাম-বিইউপিএফ |
| সম্মানীয় অতিথির বক্তব্য | জনাব **শাহীন আনাম**, নির্বাহী পরিচালক, মানুষের জন্য ফাউন্ডেশন |
| | জনাব **কাজী ফয়সাল বিন সেরাজ**, কান্ট্রি রিপ্রেজেনটেটিভ, দি এশিয়া ফাউন্ডেশন |
| বিশেষ অতিথির বক্তব্য | জনাব **আরমা দত্ত**, সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ |
| প্রধান অতিথির বক্তব্য | জনাব **মো. তাজুল ইসলাম এমপি**, মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| সভাপতির বক্তব্য ও সমাপনী | **ড. কাজী খলীকুজ্জমান আহমদ**, সভাপতি, গভার্নেন্স এডভোকেসি ফোরাম<br>ও চেয়ারম্যান, পিকেএসএফ |
| সঞ্চালনা | জনাব **কানিজ ফাতেমা**, সহকারী পরিচালক, ওয়েভ ফাউন্ডেশন |
| দুপুর ২.০০ মি. | মধ্যাহ্ন আহার |

কার্যকর স্থানীয় সরকার
জাতীয় কনভেনশন ২০২১
Effective Local Government
National Convention 2021

গবেষণা ফলাফলের সার-সংক্ষেপ

# এসডিজির স্থানীয়করণ এবং ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্য অর্জনে কার্যকর স্থানীয় সরকার ব্যবস্থা: নীতি, সম্পদ আহরণ, জনঅংশগ্রহণ এবং জবাবদিহিতা প্রেক্ষিত

বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থার রয়েছে দীর্ঘ ইতিহাস। ব্রিটিশ আমল থেকে ধারাবাহিক নানা বাঁক বদলের মধ্য দিয়ে বর্তমান কাঠামো, অর্থাৎ গ্রামীণ স্থানীয় সরকার ব্যবস্থার অধীনে যথাক্রমে ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ ও জেলা পরিষদ এবং নগর স্থানীয় সরকার ব্যবস্থার অধীনে রয়েছে পৌরসভা ও সিটি করপোরেশন। সংবিধান ও আইন অনুযায়ী স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলো নির্বাচিত জনপ্রতিনিধিদের নেতৃত্বে স্থানীয় পর্যায়ে দরিদ্র ও প্রান্তিক মানুষসহ সকলের জন্য সরকারি সেবা নিশ্চিত করার উদ্দেশ্যে প্রধান ভূমিকা পালন করে থাকে। স্থানীয় পর্যায়ে রাজনৈতিক নেতৃত্ব বিকাশের ক্ষেত্র হিসেবেও স্থানীয় সরকার ব্যবস্থার বিশেষ ভূমিকা রয়েছে। স্থানীয় পর্যায়ে সরকারি সেবা নিশ্চিত করার জন্য জাতীয় সরকারের অধীনে মাঠ প্রশাসনের কর্মকর্তা-কর্মচারীরা স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর সঙ্গে কাজ করে থাকে। যদিও আইনানুযায়ী উপজেলা ও ইউনিয়ন পরিষদে হস্তান্তরিত বিষয়গুলো এখনো কার্যকর হয়নি। আবার আইনে উল্লেখ থাকলেও স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর মধ্যে পারস্পরিক সমন্বয়ের অভাব রয়েছে। অন্যদিকে উপজেলা ও জেলা পরিষদের উপদেষ্টা হিসেবে সংসদ সদস্যদের ভূমিকা স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কর্তৃত্বকে প্রশ্নবিদ্ধ করে। সুনির্দিষ্ট দায়িত্ব ও কার্যক্রম বাস্তবায়নের সঙ্গে যুক্ত না থাকার কারণে স্থানীয় নারী জনপ্রতিনিধিরাও তাদের প্রত্যাশিত ভূমিকা পালন করতে পারছেন না। ইউনিয়ন পর্যায়ে জনঅংশগ্রহণের কিছু সুযোগ থাকলেও এর যথাযথ বাস্তবায়ন ও তার ফলাফল নিয়ে প্রশ্ন রয়েছে। অন্যান্য স্থানীয় সরকার পর্যায়ে জনঅংশগ্রহণের সুযোগ অত্যন্ত সীমিত, যেটুকু আছে সেটাও বাস্তবায়ন হতে দেখা যায় না। সম্পদ আহরণের ক্ষেত্রেও স্থানীয় সরকারগুলোর রয়েছে নানা সীমাবদ্ধতা।

আমরা জানি, সার্বিক উন্নয়ন অর্জনে বাংলাদেশের সামনে বহুবিধ অভীষ্ট রয়েছে। কাঙ্ক্ষিত অভীষ্ট অর্জনে রাজনৈতিক ও প্রশাসনিক নির্বাহীগণ বিভিন্ন পর্যায়ে সহযোগিতার ভিত্তিতে উন্নয়নের মাইলফলকগুলোকে এগিয়ে নিয়ে যাবেন বলে আশা করা হয়। যদিও রাজনৈতিক প্রতিনিধি ও আমলাতন্ত্রের প্রতিনিধিদের মাঝে এই সহযোগিতার পরিসর অনেকাংশে সমস্যাশঙ্কুল। সরকারি কর্মকর্তাগণ জাতীয় সরকারের প্রতিনিধি হিসেবে এবং নির্বাচিত স্থানীয় সরকারের প্রতিনিধিরা জনগণের প্রতিনিধি হিসেবে ভূমিকা পালন করে থাকেন। তাদের স্ব স্ব কাজের পরিসর পৃথক হলেও প্রায়শই এই নির্ধারিত পরিসরগুলো একে অপরকে অতিক্রম করে। এর ফলে তৈরি হয় বৈরিতা ও সমন্বয়হীনতা। মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তথ্য-উপাত্ত বিশ্লেষণ এবং স্থানীয় সরকার বিশেষজ্ঞদের মতানুযায়ী, উল্লিখিত পরিস্থিতি অধিকাংশক্ষেত্রে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের উন্নয়ন অভীষ্ট অর্জনকে বাধাগ্রস্ত করে এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কার্যক্রমে স্থবিরতার সৃষ্টি করে। এক্ষেত্রে আইন দ্বারা নির্ধারিত বিধিমালা প্রণয়ন ও প্রয়োগে দুর্বলতা এবং বিভিন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠানের অংশীজনদের মধ্যে ক্ষমতা ও কর্তৃত্ব বিভাজনের অস্পষ্টতাই মূল কারণ।

গবেষণার মাধ্যমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর আইনগত সীমাবদ্ধতা ও সুযোগগুলো চিহ্নিতকরণ এবং স্থানীয় পর্যায়ে এর বাস্তবায়ন খতিয়ে দেখা, টেকসই উন্নয়ন অভীষ্ট বা এসডিজি'র স্থানীয়করণ ও বাস্তবায়ন এবং দেশের উন্নয়নের মাইলফলকগুলো অর্জনে অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্যসমুহ বাস্তবায়নের চ্যালেঞ্জ পর্যালোচনা, স্থানীয় সম্পদ আহরণ ও ব্যবস্থাপনা, জনঅংশগ্রহণ, বিশেষত স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোতে নারীর অংশগ্রহণ ও অবস্থান বিশ্লেষণ এবং এসব প্রতিষ্ঠানে স্বচ্ছতা ও জবাবদিহিতার দিকগুলো নিরীক্ষা করার চেষ্টা করা হয়েছে। এছাড়াও এ গবেষণার উদ্দেশ্য হলো, স্থানীয় সরকার প্রতিষ্ঠান শক্তিশালীকরণে নীতিনির্ধারক বরাবর কিছু নীতিগত সুপারিশমালা উপস্থাপন, যাতে করে বাংলাদেশ সরকারের উন্নয়ন মাইলফলক অর্জনে এ প্রতিষ্ঠানগুলো সক্রিয় ভূমিকা পালন করতে পারে।

স্থানীয় সরকার ব্যবস্থার গুণগত দিকগুলোই মূলত পর্যালোচনা করা হয়েছে এ গবেষণায়। প্রত্যক্ষ ও পরোক্ষ তথ্য-উপাত্ত সংগ্রহ করে এর ফলাফল প্রণয়ন করা হয়েছে। পরোক্ষ তথ্য-উপাত্তের ক্ষেত্রে বিভিন্ন গবেষণা প্রতিবেদন, বই, কলাম, সংবাদ প্রতিবেদন ব্যবহার করা হয়েছে। আর জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি এবং স্থানীয় নাগরিকদের সরাসরি সাক্ষাৎকার ও ফোকাস গ্রুপ ডিসকাশনের মাধ্যমে প্রত্যক্ষ তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়েছে।

## গবেষণা থেকে প্রাপ্ত পর্যবেক্ষণসমূহ

- **বিভিন্ন পর্যায়ের স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম এবং দায়-দায়িত্ব বিভাজনের ক্ষেত্রে অস্পষ্টতা থাকায় সংশ্লিষ্ট অংশীজনদের মধ্যে ক্ষমতার ভারসাম্য ব্যবস্থা ক্ষতিগ্রস্ত হচ্ছে। ফলে তাদের মধ্যে পারস্পরিক দ্বন্দ্ব ও অবিশ্বাস প্রাতিষ্ঠানিকভাবে স্থানীয় সরকার ব্যবস্থাকে দুর্বল করে তুলছে;**
- **স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর ঊর্ধ্বমুখী ও নিম্নমুখী– উভয় জবাবদিহিতা প্রক্রিয়ার মধ্যেই সীমাবদ্ধতা রয়েছে;**
- **সাম্প্রতিককালে স্থানীয় সরকার পর্যায়ে দলীয়করণ বৃদ্ধি পাওয়ায় নির্বাচিত জনপ্রতিনিধি ও প্রশাসনিক কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতার ক্ষেত্র আরও সংকুচিত হয়েছে;**
- **স্থানীয় পর্যায়ে রাজস্ব আহরণ বিষয়ে জনপ্রতিনিধি ও নিয়োজিত কর্মকর্তাদের সক্ষমতার ঘাটতি, অনাগ্রহ এবং ব্যবস্থাপনাগত ব্যর্থতার ফলে তহবিল প্রাপ্তির ক্ষেত্রে জাতীয় সরকারের উপর নির্ভরতা দিন দিন বাড়ছে;**

- স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কার্যক্রম নিয়মিত পরিবীক্ষণ ও মূল্যায়নের ক্ষেত্রে সীমাবদ্ধতা রয়েছে;
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্টদের টেকসই উন্নয়ন অভীষ্ট ও অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা অর্জন ও বাস্তবায়ন বিষয়ে সুস্পষ্ট ধারণার অভাব রয়েছে;
- স্থানীয় সরকার জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের মধ্যে কর্তৃত্ব ও ক্ষমতার ভারসাম্যপূর্ণ অবস্থানের দুর্বলতাগুলো সাম্প্রতিক কিছু অনাকাঙ্ক্ষিত ঘটনার ফলে সামনে চলে এসেছে;
- এসডিজির স্থানীয়করণ যথাযথভাবে না ঘটাতে পারলে স্থানীয় অংশীজনদের পারস্পরিক জবাবদিহিতা প্রক্রিয়া, কার্যকর জনঅংশগ্রহণ, স্থানীয় সম্পদ আহরণ, বিশেষত নারী ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর অংশগ্রহণ নিশ্চিত করা সম্ভব হবে না, যা বাংলাদেশের উচ্চাভিলাষী সার্বিক উন্নয়ন অভীষ্ট অর্জনে নেতিবাচক প্রভাব ফেলবে। তাই আগামী ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন অভীষ্ট, ২০২৬ সালের মধ্যে উন্নয়নশীল দেশ হিসেবে প্রতিষ্ঠার লক্ষ্যে অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্য এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশ হওয়ার লক্ষ্য অর্জন করতে হলে উল্লিখিত চিহ্নিত অসমতা দূরীকরণে কার্যকর পদক্ষেপ নিতে হবে।

## নীতিগত সুপারিশ

- সকল পর্যায়ের স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কার্যক্রম সুস্পষ্ট ও সুনির্দিষ্ট করা;
- জাতীয় সরকার থেকে স্থানীয় সরকার প্রতিষ্ঠান বরাবর আর্থিক ও রাজস্ব স্থানান্তরের পরিমাণ বৃদ্ধি করা এবং স্থানীয় পর্যায়ে দক্ষ ও কার্যকর সম্পদ আহরণ নিশ্চিত করা;
- ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, জেলা পরিষদ ও পৌরসভাগুলোতে যুক্তিসঙ্গত ও প্রয়োজনীয় জনবল প্রদান করা;
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোতে জনঅংশগ্রহণের সুযোগ বৃদ্ধি এবং কার্যকর জবাবাদিহিতা নিশ্চিত করা;
- স্থানীয় সরকার জনপ্রতিনিধি ও নিয়োজিত সরকারি কর্মকর্তাদের স্ব স্ব ভূমিকা ও এখতিয়ার সুনির্দিষ্ট করা;
- স্থানীয় সরকার প্রতিষ্ঠান সংশ্লিষ্ট অংশীজনদেরকে টেকসই উন্নয়ন অভীষ্ট, সরকারের বিভিন্ন উন্নয়ন লক্ষ্য ও অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা বিষয়ে সক্ষমতা বৃদ্ধি করা;
- স্থানীয় সরকার সংক্রান্ত বিদ্যমান বিধি-বিধানগুলোর যথাযথ বাস্তবায়নে নিয়মিত পরিবীক্ষণ ও মূল্যায়ন নিশ্চিত করা।

# কার্যকর স্থানীয় সরকার
# জাতীয় কনভেনশন ২০২১

Effective Local Government
National Convention 2021


**গভার্নেন্স এডভোকেসি ফোরাম**

সচিবালয়ঃ ওয়েভ ফাউন্ডেশন

২২/১৩ বি, ব্লক বি, খিলজী রোড, মোহাম্মদপুর, ঢাকা ১২০৭, বাংলাদেশ।

ফোনঃ +৮৮ ০২ ৫৮১৫১৬২০, ৮১৪৩২৪৫

ইমেইলঃ info@gafbd.org, ওয়েবসাইটঃ www.gafbd.org